ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৪০
আগরতলা, ২০ আগস্ট, ২০২৫

খোয়াই জেলা হাসপাতালে প্রথমবার বিনামূল্যে হিপ প্রতিস্থাপন অস্ত্রোপচার সম্পন্ন

খোয়াই জেলা হাসপাতালে এক অভূতপূর্ব নজির স্থাপন করে প্রথমবারের মতো এক মহিলার সফল হিপ প্রতিস্থাপন অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। রাজ্য সরকারের স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো উন্নয়নের ঐকান্তিক প্রচেষ্টার ফলস্বরূপ রাজ্যের প্রধান হাসপাতালগুলির পাশাপাশি জেলা হাসপাতালগুলোতেও এখন জটিল রোগের উন্নত চিকিৎসা প্রদান করা সম্ভব হচ্ছে। গত ২৯ জুলাই খোয়াই জেলার কল্যাণপুরের বাসিন্দা কাজল দেবনাথ (৬৫) নিজ বাড়িতে এক দুর্ঘটনায় গুরুতর আহত হয়ে ডান নিতম্বে আঘাত পান। এরপর তাঁর পরিবার তাঁকে খোয়াই জেলা হাসপাতালে অর্থোপেডিক বিশেষজ্ঞ ডাঃ আনম দেববর্মা-এর তত্বাবধানে ভর্তি করান। প্রাথমিক রেডিওলজিক্যাল পরীক্ষার পর ডাঃ দেববর্মা নিশ্চিত হন যে, মহিলার ডান ফিমারের হাড় ভেঙে গেছে এবং জরুরি ভিত্তিতে তাঁর হিপ প্রতিস্থাপন প্রয়োজন। আর্থিক দুর্বলতার কারণে পরিবারটি উন্নত চিকিৎসার জন্য অন্যত্র যেতে পারছিল না। তখন ডাঃ আনম দেববর্মা তাদের আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে সম্পূর্ণ বিনামূল্যে এই হাসপাতালেই অস্ত্রোপচার করার আশ্বাস দেন। ডাঃ আনম দেববর্মার নেতৃত্বে গঠিত স্বাস্থ্যকর্মীদের একটি দল গত ১৮ আগস্ট সফলভাবে প্রায় এক ঘন্টাব্যাপী এই জটিল অস্ত্রোপচার সম্পন্ন করেন। এই মেডিক্যাল টিমে খোয়াই জেলা হাসপাতালের অর্থোপেডিক বিশেষজ্ঞ ডাঃ দেববর্মার সঙ্গে ছিলেন অ্যানেস্থেসিওলজিস্ট ডাঃ বিশ্বজিৎ দেববর্মা এবং হাসপাতালের অন্যান্য স্বাস্থ্যকর্মীরা। অস্ত্রোপচারের পর রোগীর শারীরিক অবস্থা স্থিতিশীল ও স্বাভাবিক রয়েছে। রাজ্যের প্রধান হাসপাতাল বা অন্য কোনো বেসরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে না গিয়ে জেলা হাসপাতালেই এই সফল অস্ত্রোপচারের সুযোগ পেয়ে রোগীর পরিবার চিকিৎসকসহ সকল স্বাস্থ্যকর্মীদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******